বাফুফে প্রেসিডেন্টের বিবৃতি - মার্চ ২০১৮

অভিনন্দন অ-১৫ নারী দল

বাংলাদেশ জাতীয় অ-১৫ নারী দল দিন দিন উন্নতি করে চলেছে।

তারই ধারাবাহিকতায় হংকং-এ অনুষ্ঠিত সদ্য সমাপ্ত জকি সি জি আই ইয়ুথ ফুটবল টুরনামেন্টের ট্রফি জয় করে দেশে ফিরেছে বাংলার মেয়েরা।

পুরো টুর্নামেন্ট জুড়ে চমৎকার ফুটবল খেলে মালয়েশিয়াকে ১০-১, ইরানকে ৮-১ এবং স্বাগতিক হংকং কে ৬-০ গোলে পরাজিত করে বাংলাদেশ জাতীয় অ-১৫ নারী দল এবং আবারো প্রমাণ করে যে দলটি কতটা পরিণত।

তবে এই টুরনামেন্টের সবচেয়ে বড় প্রাপ্তি হল অন্তত আধ-ডজন খেলোয়াড়ের স্কোরশিটে নাম লেখানো, যা প্রমাণ করে দলের এই সাফল্য একটি দলগত প্রচেষ্টার ফল, কারও একক কৃতিত্ব নয়।

লাওসের সাথে জাতীয় দলের প্রতিদ্বন্দ্বিতা

বাংলাদেশ জাতীয় দল ২৭ মার্চ প্রায় ১৭ মাস পর তাদের প্রথম আন্তর্জাতিক ম্যাচ খেলেছে এবং দেশের বাইরেও দারুণ প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ম্যাচ উপহার দিয়েছে।

অভিজ্ঞতার অভাব সত্ত্বেও দলটি ২-০ গোলে পিছিয়ে পরেও দেখিয়েছিল তারা ম্যাচে ফিরে আসতে পারে।

লাওস বর্তমানে বাংলাদেশ থেকে র‍্যাঙ্কিং এ ১৪ ধাপ এগিয়ে রয়েছে। কিন্তু লাল সবুজ দল শেষ বাঁশি বাজার মুহূর্ত পর্যন্ত লড়েছিল এবং শেষ পর্যন্ত জাফর ইকবাল ও সুফিলের গোলের সুবাদে ড্র নিয়ে মাঠ ছাড়ে।

তাদের এ দৃঢ়তা আমাদেরকে আশা দেয় যে দেশের ফুটবলের সামনে সুদিন অপেক্ষা করছে।

খেলোয়াড়দেরকে প্রস্তুত করতে এবং তাদের কাছ থেকে সর্বোচ্চ নৈপুণ্য বের করে আনতে প্রধান কোচ অ্যান্ড্রু ওড এবং অন্যান্য স্টাফগণের প্রচেষ্টা প্রশংসনীয়।

সাবিনা-কৃষ্ণার ভারত সফর

তারকা ফুটবলার সাবিনা খাতুন এবং কৃষ্ণা রানী সরকার গত ২৫ মার্চ ভারতের শিলংয়ে অনুষ্ঠিতব্য ভারতের একটি ফ্র্যাঞ্চাইজি নারী ফুটবল লীগে অংশগ্রহণের জন্য ভারত গিয়েছেন।

তাদের ক্লাব তামিলনাড়ুর সেতু এফসি ২৬ মার্চ প্রথম ম্যাচে তাদেরকে বিশ্রামে রেখে মাঠে নামে এবং KRYHPSA এর বিপক্ষে ০-৫ গোলে পরাজিত হয়।

তবে ২৮ মার্চ গোকুলাম কেরালা এফসির বিপক্ষে দ্বিতীয় ম্যাচে সাবিনার গোলে ২-০ গোলের জয় লাভ করে। ম্যাচের শেষ ১৫ মিনিট খেলে কৃষ্ণাও তার দক্ষতার ঝলক দেখায়।

এরপর সাবিনা একে একে প্রতি ম্যাচে গোল করে তার দলকে এনে দিয়েছে ৫ ম্যাচে ৪ জয় যেখানে সাবিনা নিজেই করে ৬ গোল।

বাফুফে তাদের প্রচেষ্টার সর্বোচ্চ সাফল্য কামনা করে এবং আমি নিশ্চিত যে তারা আমাদেরকে গর্বিত করবে।

কোচদের এ ডিপ্লোমা কোর্সের সফল সমাপ্তি

মার্চের ১০ তারিখে শুরু হওয়া 'বাফুফে-এএফসি এ সার্টিফিকেট ডিপ্লোমা কোচিং কোর্স ২০১৮' এর দ্বিতীয় পর্ব ২৮ মার্চ সফলভাবে সম্পন্ন হয়েছে।

বিপিএল এবং বিসিএল এর গত বছরের কোচগণও এতে অংশ গ্রহণ করেন।

কোর্সটির দুটি পর্বে এএফসি কোর্স কম্পিটেন্সি মডেলের সাথে সঙ্গতিপূর্ণ নির্দিষ্ট মাত্রার নিয়ম-নীতির সাথে কোচদের পরিচয় করিয়ে দেয়া হয়।

অংশগ্রহণকারী কোচদেরকে কোর্সমধ্যবর্তী এবং কোর্স পরবর্তী অনুশীলনে অংশগ্রহণ করতে হয়েছে যার মধ্যে গবেষণা এবং বাস্তবভিত্তিক কোচিং এবং নিরীক্ষণও অন্তর্ভুক্ত ছিল।

এই কোর্সগুলোর সমাপ্তিকরণ এবং সনদ হস্তান্তরের মাধ্যমেই এ প্রচেষ্টা শেষ হয়ে যাবে না।

উন্নত ফুটবলার গড়ে তোলার লক্ষ্যে উন্নততর কোচ তৈরির পরিকল্পনা রয়েছে বাফুফের। সনদপ্রাপ্ত কোচদেরকে বাফুফে নিয়মিত পর্যবেক্ষণে রাখবে।

‘এ’ এবং ‘বি’ সার্টিফিকেট কোর্সের পর সকল প্রশিক্ষনার্থী কোর্স পরবর্তী অনুশীলন তথা কোচিং অনুশীলনের বাস্তব অভিজ্ঞতা লাভ করবে।

এই প্রক্রিয়ায় সকল প্রশিক্ষণার্থীর জন্য সুসংগত ভিত্তিতে টিউটোরিয়ালের ব্যবস্থা করা হবে।

নতুন কোচ প্রশিক্ষণের প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য বাফুফে এপ্রিল থেকে 'সি' সার্টিফিকেট কোচিং কোর্স আয়োজন করবে।

এরপর বাফুফে একটি ‘গোলকিপিং লেভেল ১’ কোর্স পরিচালনা করবে যা ২৫ এপ্রিল থেকে শুরু হবে।

বঙ্গবন্ধু-বাঙ্গমাতা গোল্ড কাপ শিরোপা চট্টগ্রাম-খুলনার

চট্টগ্রামের কক্সবাজার জেলার পেকুয়া উপজেলার পশ্চিম উজান্তিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং খুলনার ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার দোহার সরকারি প্রাথমিক বিদ্যালয় যথাক্রমে বঙ্গবন্ধু গোল্ড কাপ প্রাইমারী স্কুল ফুটবল টুর্নামেন্ট ২০১৮ এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ড কাপ প্রাইমারী স্কুল ফুটবল টুর্নামেন্ট ২০১৭ এর শিরোপা লাভ করে।

টুর্নামেন্টের চূড়ান্ত পর্যায় ২৮ মার্চ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বালক ও বালিকা বিভাগের ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হওয়ার মাধ্যমে শেষ হয়।

আমি বিজয়ীদের অভিনন্দন জানাই। একইসাথে রানার্স আপ রাজশাহী এবং ময়মনসিংহকেও তাদের চমৎকার নৈপুণ্য প্রদর্শনের জন্য অভিনন্দন জানাই।

বাফুফে আরও প্রতিভাবান ফুটবলার খুঁজে বের করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় এই টুর্নামেন্টটি চালিয়ে যেতে কাজ করছে।

গ্যাজপ্রোম F4F এর জন্য নির্বাচিত হয়েছেন নারায়ণগঞ্জের রফি

চলতি বছরের ৮-১৫ জুন রাশিয়ার মস্কোতে অনুষ্ঠিত হবে ২০১৮ ফুটবল ফর ফ্রেন্ডশীপ (F4F)।

১২ বছর বয়সী একজন ফুটবলার (বালক/বালিকা) খুঁজে বের করার জন্য বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) ১২ মার্চ একটি উন্মুক্ত প্রতিযোগিতার আয়োজন করে। এতে মোট ২০০ জন খেলোয়াড় অংশ নেয়।

৪ ঘণ্টাব্যাপী প্রতিযোগিতার পর গ্যাজপ্রোম F4F প্রোগ্রামে অংশগ্রহণের জন্য নারায়ণগঞ্জের মদনগঞ্জ ফুটবল একাডেমীর রাফি রতনকে কোচগণ মনোনীত করেন।

F4F হলো ইন্টারন্যাশনাল চিলড্রেন সোশ্যাল প্রোগ্রাম - যা ফিফা ও এই বছরের শেষদিকে রাশিয়ায় অনুষ্ঠিতব্য ফুটবল বিশ্বকাপের অফিসিয়াল পার্টনার গ্যাজপ্রোম কর্তৃক আয়োজিত হবে।

এই প্রোগ্রামের লক্ষ্য হল সারা বিশ্বের তরুণ প্রজন্মকে তাদের প্রজন্মের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ মানবিক মূল্যবোধগুলোর (প্রচারে অংশগ্রহনে উৎসাহিত করা।

চলতি বছরের ৮-১৫ জুন এই মৌসুমের চূড়ান্ত ইভেন্ট রাশিয়ার মস্কোতে অনুষ্ঠিত হবে।

ক্লিয়ার মেন বাংলাদেশ অ-১৯ চ্যাম্পিয়নশিপ পুরোদমে চলছে

২৫ মার্চ ২০১৮ থেকে শুরু হয় 'ক্লিয়ার মেন বাংলাদেশ অ-১৯ চ্যাম্পিয়নশিপ'।

বিখ্যাত শাম্পু ব্র্যান্ড ক্লিয়ার টুর্নামেন্টের আয়োজক এবং বাফুফে অংশীদার হিসাবে সম্ভাব্য সবধরনের সহযোগিতা করবে।

২৭ ও ২৮ মার্চ অনুষ্ঠিত হয় রাজশাহী ও রংপুর বিভাগের প্রথম রাউন্ড।

তিন রাউন্ডের পর গত ৩০ মার্চ শেষ হয় রংপুর বিভাগের চূড়ান্ত পর্যায় এবং পরের দিন সম্পন্ন হয় রাজশাহীর চূড়ান্ত রাউন্ড।

অন্যান্য বিভাগের ম্যাচগুলো আগামী কয়েকদিনে খেলা হবে।

সারা দেশ থেকে মোট ২৭২ টি দল টুর্নামেন্টে অংশ নিচ্ছে।

অদূর ভবিষ্যতে ভাল মানের খেলোয়াড় হবার সম্ভাবনা রয়েছে এমন ফুটবলারদের জন্য দেশের শীর্ষ বিদ্যালয়গুলোর অংশগ্রহনে অনুষ্ঠিত টুর্নামেন্টটি পথপ্রদর্শক হবে।

প্রতিটি স্কুল নিজেদের মধ্যে কয়েকটি ম্যাচ খেলবে এবং শীর্ষ ১৬ দল চূড়ান্ত রাউন্ডে খেলবে।

টুর্নামেন্টের শীর্ষ ২৬ ফুটবলারকে বাফুফে বুট ক্যাম্পে অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।

বাংলাদেশ যুব গেমস ফুটবল চ্যাম্পিয়নশিপ এর শিরোপা ঢাকা-রাজশাহীর

রাজশাহী এবং ঢাকা বিভাগ যথাক্রমে বালক ও বালিকা বিভাগের বাংলাদেশ যুব গেম ফুটবল ২০১৮ এর শিরোপা লাভ করেছে।

১৪ মার্চ অনুষ্ঠিত ছেলেদের বিভাগের ফাইনালে রাজশাহী সিলেটকে ৪-১ গোলে হারিয়েছে। একই দিনে অনুষ্ঠিত মেয়েদের বিভাগের ফাইনালে ময়মনসিংহকে ৩-১ গোলে হারিয়েছে ঢাকা।

চূড়ান্ত রাউন্ডে ছেলেদের বিভাগে মোট ৮ টি দল অংশগ্রহণ করে এবং মেয়েদের বিভাগে অংশগ্রহণ করে ৭টি দল।

মহাখালীর তৃতীয় সখী মহিলা ফুটবল টুর্নামেন্টের শিরোপা লাভ

৮ মার্চ ফাইনাল ম্যাচে দুর্বার মোহাম্মদপুরকে ২-০ গোলে পরাজিত করে তৃতীয় সখী মহিলা ফুটবল টুর্নামেন্টের শিরোপাধারী হয় অরুণোদয় মহাখালী।

২০১৮ সালের ৪ মার্চ শুরু হয় সখী মহিলা ফুটবল টুর্নামেন্টের তৃতীয় আসর।

বাফুফের সহযোগিতায় টুর্নামেন্টটি আয়োজন করে বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)।

টুর্নামেন্টে মোট ছয়টি দল অংশ নেয়, যেখানে সবাইকে পেছনে ফেলে চ্যাম্পিয়ন হয় মহাখালী।